



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ  
প্রধান কার্যালয়  
৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।  
সেক্রেটারিজ ডিভিশন

## শেয়ারহোল্ডারদের জন্য নোটিশ

।অবন্টিত/অ-দাবীকৃত নগদ লভ্যাংশ/বোনাস শেয়ার বিএসইসির ক্যাপিটাল মার্কেট  
স্ট্যাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তর।


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর ১৪ জানুয়ারি ২০২১ তারিখের নির্দেশনা নং বিএসইসি/সিএমআরসিডি/২০২১-৩৮৬/০৩ এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড) বিধি, ২০২১, অনুসারে নগদ লভ্যাংশ এবং বোনাস শেয়ার যদি লভ্যাংশ ঘোষণা/অনুমোদনের দিন/রেকর্ড ডেট এর তারিখ থেকে ৩(তিন) বছরের অধিক সময় অবন্টিত/অ-দাবীকৃত থাকে, তাহলে উক্ত নগদ লভ্যাংশ এবং বোনাস শেয়ার ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তর করতে হবে।

বিএসইসি এর নির্দেশনা পরিপালনার্থে সম্মানিত শেয়ারহোল্ডারগণকে ১৮ আগস্ট, ২০২৪ তারিখের মধ্যে ২০১৯-২০২০ অর্থবছরের অবন্টিত/অ-দাবীকৃত নগদ লভ্যাংশ এবং বোনাস শেয়ার গ্রহণ করার জন্য উপযুক্ত প্রমাণকসহ সরাসরি অথবা আইসিবি সেক্রেটারিজ ডিপার্টমেন্টের ই-মেইল [agm\\_secretary@icb.gov.bd](mailto:agm_secretary@icb.gov.bd) ঠিকানায় আবেদন করার জন্য অনুরোধ করা হলো। ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ডে স্থানান্তরযোগ্য নগদ ও বোনাস লভ্যাংশের তালিকা কর্পোরেশনের ওয়েবসাইট [www.icb.gov.bd](http://www.icb.gov.bd) এ প্রকাশ করা হয়েছে।

এ বিষয়ে আরও জানানো যাচ্ছে যে, যদি ১৮ আগস্ট, ২০২৪ তারিখের মধ্যে কোন বৈধ দাবি না পাওয়া যায়, তাহলে বিএসইসির নির্দেশনা ও বিধি অনুসারে, ২০১৯-২০২০ অর্থবছরের অবন্টিত/অ-দাবীকৃত নগদ লভ্যাংশ এবং বোনাস শেয়ার ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ডে স্থানান্তর করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

এতদসংশ্লিষ্ট যেকোনো প্রয়োজনে ০১৭৯৯-৯৯৭১০৪ নম্বরে অথবা [agm\\_secretary@icb.gov.bd](mailto:agm_secretary@icb.gov.bd) ই-মেইল এর মাধ্যমে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

তারিখ: ১৮ জুলাই, ২০২৪।

  
(রুখসানা ইয়াসমিন)  
বোর্ড সচিব/উপ-মহাব্যবস্থাপক  
ফোন নং-০২২২৩৩৫৩৩১৯